REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়।—কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ।

৮ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৭ই অগ্রহায়ণ বুধবার ১৩২৮ ইংরাজী 23rd November 1921. | ২৬শ সংখ্যা।





দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী—বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন-বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থম্মন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শক্ত মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৵০ ছয় আনা। তিন শিশি ২॥০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

### অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কের—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক ক্ষেত্রে অপর চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুধাময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্র সাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১॥০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৷৷৴০ নয় আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণ অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বহঃ ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোংর

## আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

# হিলিংবাম

গত ২৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিং ১ মাত্রা হইতেই ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এস, আর, সি, পি, এম,আর, সি, এস, এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৷০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সমুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সদ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো মহৌষধের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

## আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্‌।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## টাকার অষ্টোত্তর শতনাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধুবান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)


সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ।

৭ই অগ্রহায়ণ বুধবার ১৩২৮ সাল।


## জঙ্গিপুর হাইস্কুলে পুরস্কার বিতরণ।

—:০:—

গত ২২শে নবেম্বর মঙ্গলবার জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ কার্য্য মহা সমারোহে সম্পন্ন হইয়াছে। মুর্শিদাবাদ জেলার ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুর স্বহস্তে এই বিতরণ কার্য্য সমাধা করিয়াছেন। সহরের যাবতীয় গণ্য মান্য ভদ্র মহোদয়গণ ও রাজপুরুষগণ সভার সৌষ্ঠব বৃদ্ধি করিয়াছিলেন। সভাস্থলে বহু সুবক্তাগণ বক্তৃতা করিয়াছিলেন। জঙ্গিপুর স্কুলের ভূতপূর্ব্ব শিক্ষক শ্রীযুক্ত কালীপদ চট্টোপাধ্যায় মোক্তার মহাশয় বক্তৃতা কালে উক্ত স্কুলের ভূতপূর্ব্ব প্রধান শিক্ষক স্বর্গীয় ভোলানাথ সরকার মহাশয়ের স্মরণার্থ একটী পারিতোষিক প্রদানের প্রতিশ্রুতি জ্ঞাপন করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। স্কুলের সম্পাদক শ্রীযুক্ত কালীচরণ সিংহ জমিদার মহাশয় সাহেব বাহাদুরের ও ছাত্রগণের জলযোগের যথেষ্ট আয়োজন করিয়াছিলেন।

## হরতাল ও বৈকুণ্ঠনাথ।

—০—

মুর্শিদাবাদ প্রতিনিধিতে প্রকাশ—শুনিলাম শ্রদ্ধাস্পদ রায় বৈকুণ্ঠনাথ সেন সি, আই, ই, বাহাদুর নৈশ বায়ু সেবন জন্য তাঁহার নিজের গাড়ীতে তাঁহার দ্বিতীয় পুত্র বহরমপুরের উকিল বাবু তারকমোহন সেন মহাশয়কে সঙ্গে করিয়া মাঠেরদিকের রাস্তায় যাইতেছিলেন। পথিমধ্যে স্বেচ্ছাসেবকগণ গিয়া গাড়ী থামাইতে বলে। রায় বাহাদুর পূজার ছুটীর সময় হইতে অসুস্থ; তারক বাবু বলেন—'বাবার শরীর অসুস্থ মাঠের হাওয়া সেবন চিকিৎসানুমোদিত' স্বেচ্ছাসেবকগণ আপত্তি করেন এবং কিছুকাল কথাবার্ত্তার পর গাড়ীর সম্মুখে শুইয়া পরে তিনি একটু বিরক্ত হইয়া নাকি সহিস কোচম্যানকে উহাদের উপর দিয়া গাড়ী লইয়া যাইতে ব[illegible]। অবশেষে অগত্যা গাড়ী ফিরাইয়া ল[illegible] গিয়াছেন। নৈশবায়ুসেবন নাকি সেদিন সম্পূর্ণভাবে হয় নাই।

## ১৭ই নবেম্বরের হরতাল।

—:০:—

পূর্ব্ব হইতেই নিখিল ভারতীয় কংগ্রেস কমিটী স্থির করিয়া রাখিয়াছিলেন যে, যে দিবস যুবরাজ বোম্বাই নগরে পদার্পণ করিবেন সেই দিবস ভারতের সর্ব্বত্র হরতাল হইবে। গত ১৭ই নভেম্বর বৃহস্পতিবার যুবরাজ বোম্বাই নগরে পদার্পণ করিয়াছেন তজ্জন্য ভারতের অন্যান্য স্থানের ন্যায় আমাদের জঙ্গিপুর সহরেও হরতাল অনুষ্ঠিত হইয়াছিল। সে দিন স্বেচ্ছাসেবকগণের অনুরোধে ও অনুনয় বিনয়ে সহরের ছোট বড় সকলেই স্ব স্ব কার্য্য বন্ধ রাখিয়াছিলেন। সে দিন ৺কার্ত্তিক পূজা উপলক্ষে মুন্সেফী আদালত বন্ধ ছিল। কাজেই উকীল বাবুগণের কাহাকেও আদালতে যাইতে হয় নাই। খোলা ছিল ফৌজদারী আদালত, জনৈক পসারওয়ালা মোক্তার বাবু বসন্তকুমার ঘোষ মহাশয় কাছারী যাইতেছিলেন। ভলান্টিয়ারগণ প্রথমে তাঁহাকে অনুরোধ উপরোধ করিয়া নিরস্ত করিতে না পারিয়া শেষে পায়ে ধরিতেও কুণ্ঠিত হয় নাই। জনৈক ভলান্টিয়ারের মুখে মোক্তার বাবুর জুতার একটু সামান্য আঘাতও লাগিয়াছিল। ইতিপূর্ব্বে যখন আর একবার হরতাল হইয়াছিল সে দিন ভলান্টিয়ারগণ রাস্তায় শুইয়া বাবুদের পথরোধ করা সত্ত্বেও তাহাদিগকে লঙ্ঘন করিয়া অনেকে কাছারী গিয়াছিলেন। সে বারে হরতাল ভঙ্গ ও ভলান্টিয়ারের অপমান জন্য লঙ্ঘনকারীগণের কোনও দণ্ডের ব্যবস্থা হয় নাই। মোক্তার বাবু বোধ হয় ভাবিয়াছিলেন এবারেও পূর্ব্ব বারের মত "মাকড় মারিলে ধোকর" হইবে। সে বারে হরতাল ভাঙ্গিয়াছিলেন অনেকে, এবারে কিন্তু তিনি একা। কাজেই "অনেক পশু বোঝা বয় ধরা পড়েছে গাধা। অনেক মাগীই সতী আছে ধরা পড়েছে রাধা॥" এবারে এই হরতাল ভঙ্গের বিচার জন্য গঙ্গাগর্ভে চড়ার উপর সভা আহূত হইল, সভাস্থ সকলে একবাক্যে তাঁহাকে দোষী সাব্যস্ত করিয়া তাঁহাকে আটে কাঠে বন্ধ করিলেন। হুকুম হইল তাঁহার সহিত কেহ কথা বলিবেন না। কোন দোকানদার তাঁহার নিকট কোনও দ্রব্য বিক্রয় করিবে না। হাটে বাজারে কোন জিনিষ পাইবেন না। কেহ তাহার চাকর থাকিতে পাইবে না। মেথর তাঁহার পায়খানা সাফ করিবেনা। ধোপা কাপড় কাচিবেনা। নাপিত কামাইবেনা। অর্থাৎ তাঁহাকে একেবারে 'দারুভূতো মুরারী' করা হইবে। 'দশের লাঠি একের বোঝা'। মোক্তার বাবু এবম্বিধ অবস্থায় কতক্ষণ ঠিক থাকিবেন, একদিন মাত্র এই কষ্ট ভোগ করিয়া পর দিনই স্থানীয় কংগ্রেস কমিটির নিকট দরখাস্ত করিলেন। সন্ধ্যাকালে আবার সেই গঙ্গার চড়ায় আবার সভা হইল। সভাস্থলে আপরাধী হাজির হইয়া ত্রুটি স্বীকার করতঃ করযোড়ে সকলের নিকট ক্ষমা ভিক্ষা করিকরিলেন। দণ্ড দিবার সময় যেমন সমবেত কণ্ঠে দণ্ডের ব্যবস্থা শুনা গিয়াছিল, ক্ষমা ভিক্ষা দিবার সময় কিন্তু কেহ কেহ একটু কার্পণ্য করিতেছিলেন। যাহা হউক শেষে বহু ধস্তাধস্তি ও বাক্ বিতণ্ডার পর কেহ উচ্চৈস্বরে কেহ নাকিস্বরে ক্ষমা বিতরণ করিলেন। মোক্তার বাবু খালাস পাইলেন। বাঁচিলেন। তাঁহার সঙ্গে সঙ্গে অনেক লোক আক্কেলও পাইলেন। আমরা বলি ভাই সব! ন্যায় হউক অন্যায় হউক 'দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ' এই নজীরের বলে অধিকাংশ লোকের মতের বাহির হওয়া মঙ্গল জনক নহে। আরও একটি কথা যদি কাহারও উপর কাহারও ব্যক্তিগত বিদ্বেষ থাকে তবে তাঁহাকে নিজে জব্দ করিতে চেষ্টা করিও মহাত্মাজীর প্রবর্ত্তিত পবিত্র দেশ হিতকরী সমিতিকে শত্রু জব্দ করার যন্ত্রে পরিণত করিওনা।

## লর্ড সিংহের লাটগিরি ত্যাগ।

—:০:—

কিছুদিন হইতে লর্ড সিংহের স্বাস্থ্যভঙ্গের কথা শুনা যাইতেছিল। ডাক্তারের পরামর্শে তিনি পদত্যাগ পত্র দাখিল করিয়াছেন। ডাক্তারগণ তাঁহাকে সমুদ্র পরিভ্রমণের পরামর্শ দিয়াছেন। যদিও বা জন্মে কম্মে একজন ভারতবাসী লর্ড ও লাট হইলেন তাও বুঝি ভগবানের প্রাণে বেশী দিন সহিল না।

## সরকারী চাকরীতে ইস্তফা।

(উদ্ধৃত)

—০—

(১) রামরতন তেওয়ারী গয়ার অধিবাসী। সে আলিপুর পুলিশ ট্রেণিং স্কুলে শিক্ষালাভ করিতেছিল। সম্প্রতি রামরতন কর্ত্তৃপক্ষকে জানাইয়াছেন—আমার নাম শিক্ষানবীসদের তালিকা হইতে কাটিয়া দেওয়া হউক, কারণ আমি আর গভর্ণমেণ্টের চাকুরী করিব না। আমি অতঃপর বড়বাজার কংগ্রেস কমিটির অধীনে স্বেচ্ছাসেবকের কাজ করিব।

(২) চিন্দওয়ারার দেওয়ানী আদালতের সমন জারির পেয়াদা আবদুল করিম করাচির প্রস্তাব অনুসারে এবং আলিভ্রাতৃদ্বয়ের প্রতি সুবিচার হয় নাই মনে করিয়া কার্য্যে ইস্তফা দিয়াছে।

(৩) ফরিদপুর জেলার বাহারগঞ্জ গ্রাম হইতে প্রেরিত সংবাদে প্রকাশ—৬ জন গ্রাম্য চৌকীদার চাকুরীতে জবাব দিয়াছে।

(৪) মোরাদবাদ গভর্ণমেণ্ট বয়ন বিদ্যালয়ের শিক্ষক লুমেদ খোয়াজ ফারুকী পদত্যাগ পত্র দাখিল করিয়াছেন।

(৫) ঢাকা কলেক্টরীর নায়েব নাজীর মৌলবী শামসুল হুদা গত ৫ই নভেম্বর পদত্যাগপত্র দাখিল করিয়াছেন।

পদত্যাগপত্রে তিনি ঢাকার কালেক্টরকে লিখিয়াছেন—গত ১৯২০ খৃষ্টাব্দের ১৭ই ডিসেম্বর আমি আপনার নিকট পদত্যাগপত্র দাখিল করিলে আপনি বলিয়াছিলেন যে, ব্রিটিষ গভর্ণমেণ্ট ইসলামের বিরুদ্ধাচরণ করিবেন না। আপনার কথামত তখন পদত্যাগপত্র প্রত্যাহার করিয়াছিলাম। কিন্তু এখন দেখিতেছি, কোরাণের বাক্য-সংবলিত ফতোয়া বাজেয়াপ্ত করিয়া, পীর মৌলনা ও উলেমাদিগকে জেলে দিয়া গবর্ণমেণ্ট আমার ইস্লাম ধর্ম্মের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিতেছেন। কাজেই আমি দেখিতেছি, এরূপ গভর্ণমেণ্ট অধীনে আমার কার্য্য করা ধর্ম্মবিরুদ্ধ। অতএব অনতিবিলম্বে আমার পদত্যাগপত্র গ্রহণ করিবেন।

(৬) জলপাইগুড়ীর মৌলবী শামসুদ্দিন গভর্ণমেণ্ট চাকরীতে ইস্তফা দিয়া তত্রত্য ডেপুটি কমিশনারকে নিম্নলিখিত মর্ম্মে চিঠি লিখিয়াছেন—আমি দেখিলাম যে, পবিত্র কোরাণের মত প্রচার করায় কয়েকজন মুসলমান নেতা গ্রেপ্তার হইয়া জেলে গিয়াছেন।

আমার মনে হয়, কোন দিন হয় ত আমাদের কোরণকেও বাজেয়াপ্ত করা হইবে। আমি মুসলান বলিয়া ধর্ম্মহানির ভয়ে অন্ত হইতে আপনার কর্ম্মে ইস্তফা দিলাম। হিন্দুস্থান।

---

## ননকোর উপর আইনের ধমকানি।

—:০:—

গত সোমবার আইন সভায় বাঙ্গালার লাট সাহেব বাহাদুর ননকোঅপারেশন চাপিবার জন্য কঠোর দমননীতি অবলম্বন করাই শ্রেয় বলিয়া খুব কড়া বক্তৃতা করিয়াছেন। সভায় অধিকাংশ সভ্যই গণ্ডায় আণ্ডা দিয়াছেন। বোম্বাই সহরে হরতাল উপলক্ষে দাঙ্গা হাঙ্গামাই তাঁহাকে গৃহে অগ্নি সংযোগের ভয়ে অগ্রেই কূপ খননের প্রবৃত্তি দিয়াছে বলিয়া বোধ হয়। হাবড়ার গোলযোগও ইহার অন্যতম কারণ। ভলাণ্টিয়ার কোর ও সভাসমিতির মুখে 'থাক বাড়ি' দেওয়াই এই কঠোর দমন নীতির উদ্দেশ্য। আইন যখন হাতে তখন এই আইন-রূপ ব্রহ্মাস্ত্র প্রয়োগ করা লাট বাহাদুরের পক্ষে কঠিন নহে। বাঙ্গালায় ননকোর যেমন প্রতিপত্তি তাহাতে এখনই এই অমোঘ অস্ত্র প্রয়োগের সময় আসিয়াছে বলিয়া বোধ হয় না। এটা যেন ঘামাচি মারিতে কার্বাঙ্কলের ঔষধ দেওয়ার মত হইবে। আমাদের লাট বাহাদুর খুব সহিষ্ণুতার সহিত কার্য্য করিতেছিলেন। হঠাৎ এ ভাব ভীতির কারণ বটে। পুলিশ ধরিবার হুকুম পাইলে বাঁধিয়া লইয়া যায়। ষোল আনা হুকুম পাইলে সতর আনা এমন কি বিশ আনা বাজাইয়া থাকে। এইটী না হইলে হয়।

---

## কালা খুনে গোরার ফাঁসি।

—•—

জি আই-পি রেলের একজন দেশীয় কেরাণীকে এবং তাঁহার পিয়নকে ট্রেনের ভিতর খুন করিয়াছিল বলিয়া জে জি মরিস্ এবং ই এস ডনিসন নামক দুইজন শ্বেতাঙ্গ অভিযুক্ত হয়। অভিযোগ, ঐ কেরাণী এবং পিওন রেলের টাকা লইয়া একটী কামরায় রাত্রের ট্রেণে যাইতেছিলেন, আর ঐ দুইজন ইংরেজ দস্যু চলন্ত ট্রেণে তাঁহাদের হত্যা করিয়া ঐ টাকা লইয়া পালায়, তাহার পর পুলীশ তাহাদের ধরে। বোম্বাই হাইকোর্টের দায়রায় ইহাদের বিচার হইয়া গিয়াছে। জুরিয়া এক বাক্যে দুই জনকেই দোষী বলিয়া নির্দ্দেশ করেন। জজ মার্টন আসামী মরিসের প্রাণ দণ্ডের আদেশ করিয়াছেন; দ্বিতীয় আসামী ডনিসনের যাবজ্জীবন দ্বীপান্তর বাসের আদেশ হইয়াছে! কালা মারিয়া গোরার ফাঁসীর হুকুম ভারতে এই তৃতীয় বার হইল। এখন ধোপে টিকিলে হয়।

---

## ভোট দিয়ে যা'।



আয় ভোটার আয়!
মাছ কুট্‌লে মুড়ো দিব,
ধান ভান্‌লে কুঁড়ো দিব,
গাই বিয়ালে দুধ দিব,
দুধ খেতে বাটী দিব,
সুদ দিলে টাকা দিব,
খাজনা দিলে জমি দিব,
ফিঃ দিলে উকীল হব,
চা'ল দিলে ভাত দিব,
মিটিঙে যাবনা, অবসর পাবনা,
কোন কাজে লাগব না
যাদুর কপালে আমার ভোট দিয়ে যা'।

---

## পুত্রের বদলে মাতা স্বেচ্ছাসেবিকা।

মুঙ্গের হইতে এক আশ্চর্য্য সংবাদ পাওয়া গিয়াছে। এক যুবা স্বেচ্ছাসেবক মদের দোকানে পিকেটীং করায় জেলে যায়। সেই দিন হইতে তাহার বৃদ্ধা জননী পুত্রের স্থানে পিকেটিং আরম্ভ করিয়াছেন। বৃদ্ধা ইতিপূর্ব্বে এক পদও নড়িতে চড়িতে পারিতেন না। কিন্তু আশ্চর্য্যের বিষয় তাঁহার পুত্রের জেল হওয়া অবধি তাঁহার দেহে যেন নবীন বলের সঞ্চার হইয়াছে। বৃদ্ধা বলিয়াছেন যে, তিনি পুত্র ফিরিয়া না আসা পর্য্যন্ত পুত্রের অসমাপ্ত কার্য্য বজায় রাখিবেন। সময়।

---


## জমি বিক্রয়।

সিদ্ধিকালী মাঠে ৭।৪ সাত বিঘা নয় কাঠা জমি ফুদন কুমারী দাসী বাকী খাজনায় নিলাম খরিদ করিয়াছেন। উক্ত জমি বিক্রয় হইবে। জমিতে জল পাওয়ার বন্দোবস্ত আছে। উক্ত জমির বিবরণ সিদ্ধিকালীর কামিনী কোটাল কিম্বা জঙ্গিপুর রোড ষ্টেষণের কয়লার ডিপোতে অবিনাষচন্দ্র সরকারের নিকট অনুসন্ধান করিলে সমস্ত জানিতে পারিবেন।

শ্রীমনীন্দ্রনাথ ঘোষ।
সাং জোতকমল।

---

## কেবল দেড় টাকায়
## প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়

নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।
এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। অফিস ষ্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্টাম্প।
২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।
৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।
৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।
৫। পকেট প্রেস-A হইতে Z সমস্ত অক্ষর আছে।
৬। পিতলের শিলমোহর-পিতলের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপিবার জন্য, কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠাইলে প্রস্তুত হয়।

আর, এম, দত্ত এণ্ড কোং এনগ্রেভার্স
৩৭।৪নং মাণিকতলা রোড- কলিকাতা।

---

## জবাকুসুম তৈল

গুণেঅদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।
৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৶০

### দ্রষ্টব্য।

শিশি, তৈল প্রভৃতি দ্রব্যের মূল্য অত্যন্ত বৃদ্ধি হওয়ায় অদ্য তারিখ হইতে বাধ্য হইয়া এক গ্রোস জবাকুসুম তৈলের মূল্য ১০৮৲ একশত আট টাকা, ডজনের মূল্য ৯॥০ সাড়ে নয় টাকা ও তিন শিশির মূল্য আড়াই টাকা ৵।০ শিশির মূল্য ৩।০ টাকা ধার্য্য করা হইল। এক শিশির মূল্য এক টাকা রহিল।

---

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নবিকারাদি উপসর্গ স্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৶০

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিস্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৶০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল!

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।/

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড
ব্যবস্থাপক ও চিকিৎসক—
শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ
২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা

আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক।
৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন
করুন।
কবিরাজ—মণিশঙ্কর
গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| |
|---|
| ১—দীর্ঘায়ু |
| ২—স্বাস্থ্য |
| ৩—শক্তি |

এই তিনটী জিনিস
লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা



## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কন্যের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৶০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক নাই। আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ্

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড টেরিটিবাজার, কলিকাতা।



## ইলেক্ট্রিক সালিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১৷০ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।



## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)



ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।
(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৶০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ